19 MAY 2017
2-0-8

# ৫৫ প্রাথমিক স্কুলকে ডিপিই'র শোকজ

**যুগান্তর রিপোর্ট**

দেশের ৫৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়কে শোকজ করেছে প্রাথমিক ও গণশিক্ষা অধিদফতর (ডিপিই)। গত বছর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় এসব প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী পাস করতে পারেনি। এ কারণে এ ব্যবস্থা নেয়া হয়েছে বলে জানিয়েছেন ডিপিই মহাপরিচালক ড. আবু হেনা মোস্তফা কামাল।

শোকজ পাওয়া প্রতিষ্ঠানের মধ্যে আট ক্যাটাগরির স্কুল আছে। এর মধ্যে নন-রেজিস্টার্ড বেসরকারি স্কুল ১৭টি, কিন্ডারগার্টেন ১৫টি, এনজিও পরিচালিত স্কুল ৯টি, ব্র্যাক স্কুল ৪টি, নতুন জাতীয়করণকৃত স্কুল ৭টি এবং একটি করে অস্থায়ী রেজিস্ট্রেশনপ্রাপ্ত বেসরকারি প্রাথমিক স্কুল, কমিউনিটি স্কুল ও হাইস্কুল সংযুক্ত প্রাইমারি স্কুল আছে। এসব স্কুলে ২৬৫ জন পরীক্ষার্থী ছিল। ডিপিই কর্মকর্তারা জানিয়েছেন, গত নভেম্বরে ফল প্রকাশের পর শোকজ করা হয়েছিল। শোকজ নোটিশ পাওয়া স্কুলগুলো ইতিমধ্যে জবাব দিতে শুরু করেছে।